# আল-আলাক | Al-Alaq | ٱلْعَلَق

আয়াতঃ ৯৬ : ৫

## আরবি মূল আয়াত:

عَلَّمَ الإنسَانَ مَا لَم يَعلَم ۝ ﴿٥﴾

## অনুবাদসমূহ:

তিনি মানুষকে তা শিক্ষা দিয়েছেন, যা সে জানত না। — আল-বায়ান

শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না, — তাইসিরুল

তিনি শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানতনা। — মুজিবুর রহমান

Taught man that which he knew not. — Sahih International

### ৫. শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না।(১)

(১) পূর্বের আয়াতে ছিল কলমের সাহায্যে শিক্ষা দানের বর্ণনা। এ আয়াতে উল্লেখ করা হয়েছে যে, প্রকৃত শিক্ষাদাতা আল্লাহ তা'আলা। মানুষ আসলে ছিল সম্পূর্ণ জ্ঞানহীন। আল্লাহর কাছ থেকেই সে যা কিছু জ্ঞান লাভ করেছে। [সা'দী] কলমের সাহায্যে যা শিক্ষা দেয়া হয়েছে, তার ব্যাখ্যায় বলা হয়েছে, তিনি এমন সব বিষয় শিক্ষা দিয়েছেন, যা মানুষ জানত না। কেউ কেউ বলেন, এখানে মানুষ বলে আদম আলাইহিস সালামকে বোঝানো হয়েছে। আল্লাহ তা'আলা তাকে বিভিন্ন বস্তুর নাম ও গুণাগুণ শিক্ষা দিয়েছেন। যেমনটি সূরা আল-বাকারায় বর্ণনা করা হয়েছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### ৫। তিনি শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন